গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর
পূর্বাঞ্চল, চট্টগ্রাম সেনানিবাস।

নং-২৩.২২.০০০২.০২৪.০৪.০১১.২০.৩৯

তারিখ: ২১ চৈত্র, ১৪৩০ বাং
০৪ এপ্রিল, ২০২৪ খ্রি.

বিষয়: উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণ কমিটির ৬ষ্ঠ ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের লক্ষ্যে (জানুয়ারি-মার্চ)/২০২৪ সময়কালের তথ্য প্রেরণ।

সূত্র: সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের ০২/০৪/২০২৪ তারিখের ২৩.২২.০০০০.০২৪.০৪.২৯৩.২৪-৭০১ নং পত্র; এবং তৎসংযুক্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৩/২০২৪ তারিখের ২৩.০০.০০০০.২১০.০৪.০০৫.২১.৯০ নং পত্র; ও মন্ত্রিপরিষদ বিভাগ, আইন-১ অধিশাখার ২৬/০৮/২০২০ তারিখের ০৪.০০.০০০০.১১১.০৪.১৪৭.১৯.৫৩ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে চাহিত উচ্চ আদালতে চলমান সরকারী স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণ কমিটির সভার জন্য অত্র দপ্তরের আওতাধীন প্রতিরক্ষা বিভাগীয় ভূমি সংক্রান্ত উচ্চ আদালতে চলমান মামলাসমূহের ত্রৈমাসিক তথ্য "ছক" অনুযায়ী হার্ডকপি ও সফট কপিসহ (ই-মেইল) সদয় প্রয়োজনীয় কার্যার্থে অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্ত:- ০৩ পাতা।

০৪।০৪।২০২৪
(শারমিন আলম)
(উপসচিব)
সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক
ফোন: ০২৩-৩৯২৪৩১৬৬।

মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।

মন্ত্রণালয়/বিভাগের নাম:- সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, পূর্বাঞ্চল, চট্টগ্রাম সেনানিবাস।

ক) উচ্চ আদালতের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার ত্রৈমাসিক পরিসংখ্যান (জানুয়ারি-মার্চ/২০২৪)।

| বিবেচ্য সময়কালে দায়েরকৃত মামলার সংখ্যা | বিবেচ্য সময়কালের পূর্ব পর্যন্ত অনিষ্পন্ন মামলার সংখ্যা | মামলার মোট সংখ্যা (১+২) | বিবেচ্য সময়কালে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলায় সরকার পক্ষে দায়েরকৃত আপিল/রিভিউ/রিভিশন সংখ্যা | বিবেচ্য সময়কালের শেষ কর্মদিবসে অনিষ্পন্ন মামলার সংখ্যা (৩-৪) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০২ | ২৬ | ২৭ | ০১ | ০০ | ০১ | ২৬ | |

২৫

## খ) উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট অতীব/জনগুরুত্বপূর্ণ মামলার তথ্য:-

| ক্রমিক | মামলা নম্বর | সংশ্লিষ্ট আদালতের নাম/কোর্ট নম্বর | রিট পিটিশনার/সরকারের প্রতিপক্ষের নাম-ঠিকানা | মামলাভূক্ত সংশিষ্ট/মুখ্য দপ্তর-সংস্থার নাম | বিষয় (সংক্ষেপে) | মামলার সর্বশেষ অবস্থা | সরকার-পক্ষে জবাব প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | সিভিল রিভিউ পিটিশন নং-২২০/২০১৮ (সিভিল আপীল নং-৯২/২০০৩ হতে উদ্ভূত) | মহামান্য অ্যাপিলেট ডিভিশন | সিজেকেএস, চট্টগ্রাম | এমইও চট্টগ্রাম | চট্টগ্রাম পুরাতন সেনানিবাসের ৮ নং জেএলভূক্ত লালখান বাজার মৌজার পিএস দাগ নং- ১২১৩(অংশ) এবং ১৩২৭(অংশ) এর ৬.৯১০ একর প্রতিরক্ষা বিভাগীয় জমি সরকারী অনুমোদনক্রমে বিগত ০৩-০৫-১৯৯২ ইং তারিখে স্বাক্ষরিত এবং ১৬-০২-১৯৭৮ ইং তারিখ হতে কার্যকর ইজারা চুক্তিমূলে নামমাত্র ১/- টাকা প্রিমিয়াম এবং বিনা খাজনায় আউটার স্টেডিয়াম হিসেবে জেলার ক্রীড়া উন্নয়নের নিমিত্তে চট্টগ্রাম জেলা ক্রীড়া পরিষদ এর নিকট কতিপয় শর্তসাপেক্ষে চিরস্থায়ী ইজারা প্রদান করা হয়। ১৯৯৯ ইং সালে সিজেকেএস কর্তৃপক্ষ ইজারা দলিলের ২ ও ৩ নং শর্ত লংঘন পূর্বক এবং ১৯২৪ সালের ক্যান্টনমেন্ট এ্যাক্ট এর ১৭৮(এ) ধারা মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মাণ কাজের নকশা অনুমোদন ব্যতিরেকে ইজারাকৃত জমিতে বাণিজ্যিক উদ্দেশ্যে ২৩'×১২' পরিমাপের ৫৬টি দোকান ঘর নির্মাণকাজ আরম্ভ করলে সিইও, চট্টগ্রাম সেনানিবাস এর ২৩-০৫-১৯৯৯ তারিখের চক্যাবো/গঃপুঃ/পস্ন্যান/ ৩(২৬)/১২ নং পত্রের মাধ্যমে নির্মাণ কাজ ভেঙ্গে ফেলার জন্য সভাপতি, জেলা ক্রীড়া পরিষদ, চট্টগ্রামকে অনুরোধ করা হয় এছাড়া অত্র দপ্তরের ১২-০৫-১৯৯৯ তারিখের ইসি/সিটিজি/এলসি/৮৩৯/৭৮/১২৬ নং পত্রের মাধ্যমে নির্মাণ পদক্ষেপ বন্ধ করে নির্মাণ সামগ্রী সরিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হয়। তা সত্বেও নির্মাণ বন্ধ না করায় অত্র দপ্তরের ৩১-০৫-১৯৯৯ তারিখের ইসি/সিটিজি/এলসি/৮৩৯/৭৮/১৪০ নং পত্রের মাধ্যমে তাদের অনুকূলে সম্পাদিত ইজারা চুক্তি বাতিল করা হয় এবং উক্ত এলাকা প্রতিরক্ষা বিভাগের অনুকূলে গন্য করা হয়। সিজেকেপি কর্তৃপক্ষ কর্তৃক মিলিটারী এস্টেটস অফিসারের ৩১-০৫-১৯৯৯ তারিখের ইজারা বাতিল আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ২৯৫৩/১৯৯৯ দায়ের করেন। সিজেকেএস কর্তৃপক্ষ কর্তৃক ঘটনা উত্তর দাখিলকৃত প্ল্যান ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, চট্টগ্রাম সেনানিবাস কর্তৃক ৩০-০৫-১৯৯৯ ইং তারিখের চক্যাবো/গঃপুঃ/প্ল্যান/৩/১৫ নং পত্রের মাধ্যমে অনুমোদন ব্যতিরেকে ফেরত প্রদান করা হয়। এ প্রেক্ষিতে সিজেকেএস কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে অপর একটি রীট পিটিশন নং ৪৮৬৮/১৯৯৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রীট পিটিশন নং ২৯৫৩/১৯৯৯ এর উপর প্রদত্ত স্থিতিবস্থার আদেশ বলবৎ থাকা কালেই সিজেকেএস কর্তৃপক্ষ তাঁদের প্ল্যান অনুমোদনের জন্য এরিয়া কমান্ডার মহোদয়, চট্টগ্রাম সেনানিবাস বরাবরে আবেদন করলে যথাযথ শুনানী অন্তে তা ০২-০৫-২০০০ ইং তারিখে নাকচ করে দেওয়া হয়। সিজেকেএস কর্তৃপক্ষ ইহার বিরুদ্ধে পুনরায় রীট পিটিশন নং ৪৭৫৪/২০০০ দায়ের করেন। বর্ণিত রীট পিটিশন নং ২৯৫৩/১৯৯৯ এ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বিগত ২৬-১১-২০০১ ইং তারিখে যে আদেশ প্রদান করেছেন তা সরকারের বিপক্ষে যায়। উক্ত আদেশের বিরুদ্ধে সরকার পক্ষ মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল পিটিশন নং ৫৮৪/২০০২ দায়ের করা হয় যা বিজ্ঞ আদালত কর্তৃক তা গৃহীত হয় সিভিল আপীল নং ৯২/২০০৩ হিসেবে মহামান্য আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায় সরকারের প্রতিকূলে হয়। এতদবিষয়ে রিভিউ দায়ের নিমিত্তে বিজ্ঞ সলিসিটরের মাধ্যমে ০৪-৬-১৫ তারিখে মাননীয় এটর্নী জেনারেলের নিকট প্রেরণ করা হয়। এটর্নী জেনারেল এর কার্যালয় থেকে জনাব হরিদাস পালকে এড-ভোকেট-অন-রেকর্ড নিয়োগ করা হয়েছে এবং তিনি রিভিউ পিটিশন নং ২২০/২০১৮ দায়ের করেছেন। মামলাটি বর্তমানে বিচারাধীন। | পেন্ডিং | | |

| ক | মামলা নম্বর | সংশ্লিষ্ট আদালতের নাম/কোর্ট নম্বর | রিট পিটিশনার/সরকারের প্রতিপক্ষের নাম-ঠিকানা | মামলাভূক্ত সংশ্লিষ্ট/মুখ্য দপ্তর-সংস্থার নাম | বিষয় (সংক্ষেপে) | মামলার সর্বশেষ অবস্থা | সরকার-পক্ষে জবাব প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২। | সিভিল পিটিশন CP-১২২০/২০২৩, (CMP-১৭/২০২৩, এবং এফ. এ মামলা নং-১৪৪/০৭ হতে উদ্ভূত) | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ। Court no-02 | মেজর (অবঃ) নোয়াব মিঞা মজুমদার, কুমিল্লা বিমান বন্দর | এমইও, চট্টগ্রাম | কুমিল্লা জেলার কোতয়ালী থানাধীন আশ্রাফপুর মৌজাস্থ (কুমিল্লা বিমান বন্দরের) সিএস- ২ ও ১২৩ দাগের আংশিক ০.১৫ একর প্রতিরক্ষা বিভাগীয় জমির মালিকানা দাবি করে মেজর নওয়াব মিয়া মজুমদার কর্তৃক বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত, কুমিল্লায় দেওয়ানী মামলা নং- ২০/২০০৩ দায়ের করেন। অত্র মামলায় ৩০/১১/২০০৬ তারিখে সরকারের বিপক্ষে রায় হয় যে, "অত্র মোকাদ্দমাটি ৩ নং বিবাদী এবং ৪-৮ নং বিবাদীর বিরুদ্ধে প্রতিযোগীতায় বিনা খরচে ডিক্রি হলো। নালিশী সম্পত্তিতে বাদীর স্বত্ত স্বার্থ থাকা মর্মে ঘোষিত হলো এবং আগামী ৬০ দিনের মধ্যে নালিশী সম্পত্তি বাদীর অনুকূলে ছেড়ে দেবার জন্য বিবাদী পক্ষকে নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় বাদী নালিশী সম্পত্তি দখল আদালতযোগে গ্রহণ করতে পারবেন"। রায়ের অসম্মতিতে সরকার পক্ষে আলোচ্য প্রথম আপীল (এফএ) মামলা নং-১৪৪/০৭ দায়ের করা হয়েছে। ০৬-০৬-২০০৭ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ষ্টে-অর্ডার জারী করা হয়। উক্ত মামলাটি ১৬-১০-২০১২ তারিখে " The appeal is dismissed for default for non compliance of Courts order" হয়েছে। পরবর্তীতে উক্ত মামলায় বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বিজ্ঞ আইনজীবী এডভোকেট জনাব মনজিল মোরসেদকে নিয়োজিত করা হলে তিনি সার্টিফাইড কপি সংগ্রহ করে মামলাটি Re Admission এর জন্য দরখাস্ত দাখিল করলে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক মামলাটি গত ১৫-০৩-২০১৮ তারিখে Re Admission এর আবেদন মঞ্জুর করা হয়। পরবর্তীতে বিভিন্ন দিনে কজলিস্টে ছিল। ১৭/৪/২২ তারিখে none appears out of list মর্মে আবেদনের প্রেক্ষিতে পুনরায় বিচার কার্যক্রম শুরু হয় এবং ১৪/১২/২২ তারিখে হাইকোর্ট বিভাগ কর্তৃক খারিজ করে দেয়া হয় । অত:পর আপীল বিভাগে CMP- ১৭/২০২৩ এবং তদপরবর্তীতে CP- ১২২০/২০২৩ দায়ের করা হয়। মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে। | ০৬/০৮/২৩তারিখে. শুনানীতে সিদ্ধান্ত হয় যে, Leave is granted on additional grounds and stay | | |

০৪/০৪/২৪

(শারমিন আলম)

(উপসচিব)

সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক

ফোন: ০২৩-৩৯২৪৩১৬৬।